



বাংলাদেশ শিশু একাডেমি

দোয়েল চত্বর সড়ক

শাহবাগ, ঢাকা-১০০০

www.shishuacademy.gov.bd

মেমো নং : ৩২.০৩.০০০০.১০০.৪৪.০০১.১৯

তারিখ : -----

বাংলাদেশ শিশু একাডেমির মিলনায়তন/দাদাভাই হল/শেখ রাসেল আর্ট গ্যালারি/মাঠ/মুক্তমঞ্চ/সভাকক্ষ বরাদ্দের চুক্তিপত্র

জনাব

----- তারিখের আবেদনের পরিত্রাঙ্কিতে শর্তসাপেক্ষে বাংলাদেশ শিশু একাডেমির ----- আপনার প্রতিষ্ঠানের অনুকূলে বরাদ্দ প্রদান করা হলো।

বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠানের নাম : -----

বরাদ্দের তারিখ : ----- সময় : -----

অনুষ্ঠানের বিষয়/ধরন : -----

শর্তাবলি :

১. বরাদ্দ সাপেক্ষে নির্ধারিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠানের কার্যক্রম পরিচালনা করা যাবে। অতিরিক্ত সময়ের জন্য সার্ভিস চার্জ প্রযোজ্য হবে।
২. অনুষ্ঠানের দুই ঘণ্টা আগে মিলনায়তন/মুক্তমঞ্চের প্রয়োজনীয় জিনিসপত্র বুঝে নিতে হবে এবং অনুষ্ঠান শেষে যাবতীয় জিনিসপত্র একইভাবে একাডেমি কর্তৃপক্ষকে বুঝিয়ে দিতে হবে।
৩. অনুষ্ঠানের কমপক্ষে দুইদিন পূর্বে আমন্ত্রণ কার্ড, অনুষ্ঠান সূচি, অনুষ্ঠান পরিকল্পনা ও অনুষ্ঠানের পুস্তুলিপি শিশু একাডেমি কর্তৃপক্ষের নিকট অবশ্যই জমা দিতে হবে।
৪. অনুষ্ঠান চলাকালীন কোনো ক্ষয়-ক্ষতি হলে জামানতের টাকা থেকে কেটে রাখা হবে।
৫. শিশু একাডেমি অথবা মন্ত্রণালয়ের কোনো অনুষ্ঠান থাকলে বরাদ্দ বাতিল হবে। এক্ষেত্রে একাডেমি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
৬. শিশু একাডেমির মিলনায়তনের ভেতরে ও বাইরে রান্না ও খাবার বিতরণ করা যাবে না। উল্লেখ্য যে, আয়োজক প্রতিষ্ঠান খাবার পরিবেশন করতে চাইলে একাডেমি কর্তৃপক্ষের পূর্ব অনুমতি সাপেক্ষে মিলনায়তনের বাইরে কর্তৃপক্ষের নির্দেশিত একাডেমির অন্যত্র নির্ধারিত স্থানে ব্যবস্থা করা যাবে। এক্ষেত্রে একাডেমির পরিবেশ কোনোক্রমে নষ্ট করা যাবে না।
৭. মিলনায়তনে অনুষ্ঠান চলাকালীন কর্তৃপক্ষের অনুমতি/বরাদ্দ ব্যতীত শিশু একাডেমির মুক্তমঞ্চ ব্যবহার ও বাগানে প্রবেশ করা যাবে না। এছাড়া বরাদ্দ ব্যতীত অন্য কোনো জায়গাও ব্যবহার করা যাবে না।
৮. বাংলাদেশ শিশু একাডেমির মিলনায়তনে সাজসজ্জা করতে গিয়ে কোনো অংশে দাগ দেয়া, পোস্টার লাগানো, তারকাটা ব্যবহার করাসহ কোনো জিনিসপত্র সরানো যাবে না।
৯. একাডেমির ভেতরে মিলনায়তন ও মঞ্চসহ কোনো জায়গাতেই সরকার/রাষ্ট্রবিরোধী কোনো আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান করা যাবে না।
১০. একাডেমি মিলনায়তনে দেশের ধর্মীয় অনুষ্ঠিত, সংস্কৃতি ও ঐতিহ্য ক্ষুণ্ণ হয় এমন কোনো অনুষ্ঠান করা যাবে না।
১১. শিশু একাডেমির আঙ্গিনায় ব্যানার, ফেস্টুন, লিফলেট, বিলবোর্ড ও সাইনবোর্ড ব্যবহার করতে চাইলে কর্তৃপক্ষের কাছে পূর্ব অনুমোদন গ্রহণ করতে হবে এবং কর্তৃপক্ষের নির্দেশিত নির্ধারিত জায়গায় লিফলেট ও ফেস্টুন লাগানো যাবে।
১২. শিশু একাডেমির সৌন্দর্য নষ্ট হয় এমন কাজ করা যাবে না।
১৩. শিশু একাডেমির মিলনায়তনের আসন সংখ্যা ৫০০টি। সেক্ষেত্রে ধারণ ক্ষমতার অতিরিক্ত অতিথি ও দর্শককে আমন্ত্রণ জানানো কাম্য নয়।
১৪. কোনো অবস্থাতেই মিলনায়তনসহ বাংলাদেশ শিশু একাডেমির ভেতরের কোনো স্থাপনা ও সাজসজ্জা নষ্ট করা যাবে না।
১৫. অনুষ্ঠানের নিরাপত্তা নিজ দায়িত্বে নিশ্চিত করতে হবে। অনুষ্ঠানের চূড়ান্ত বরাদ্দের পূর্বে নিকটস্থ থানায় নিরাপত্তার জন্য আবেদন করতে হবে এবং আবেদনের কপি কর্তৃপক্ষের কাছে জমা দিতে হবে। অনুষ্ঠান চলাকালীন নিরাপত্তা সংক্রান্ত কোনো দায়-দায়িত্ব বাংলাদেশ শিশু একাডেমি বহন করবে না।
১৬. বাংলাদেশ শিশু একাডেমির চত্বরে গাড়ি প্রবেশ ও বার করতে অবশ্যই টোকেন সংগ্রহ করতে হবে।
১৭. বাংলাদেশ শিশু একাডেমির অভ্যন্তরে মালামাল প্রবেশ ও বার করতে অবশ্যই মালামালের তালিকা প্রদান করতে হবে।
১৮. মিলনায়তন, সভাকক্ষ, দাদাভাই হল, মুক্তমঞ্চ বরাদ্দের জন্য তিন থেকে চার সপ্তাহ পূর্বে আবেদন করতে হবে। এর আগে আবেদনপত্র গ্রহণযোগ্য নয়। দুই সপ্তাহ পূর্বে বরাদ্দের বিষয়ে সিদ্ধান্ত জানা যাবে।

১৯. বরাদ্দ পেলে এক সপ্তাহ পূর্বে টাকা জমা দিতে হবে।
২০. শিশু একাডেমির মিলনায়তন, মুক্তমঞ্চ, সভাকক্ষ, লেকচার থিয়েটার কোনো উপজেলা, জেলা, ট্রেড ইউনিয়ন ও রাজনৈতিক প্রতিষ্ঠানকে বরাদ্দ প্রদান করা হয় না।
২১. শিশু সংগঠন, সাংস্কৃতিক সংগঠন অথবা এই ধরনের কার্যক্রম সংক্রান্ত অনুষ্ঠানের জন্য বরাদ্দ চেয়ে আবেদন করা যাবে।
২২. বাংলাদেশ শিশু একাডেমির অডিটোরিয়াম ব্যবহার/বরাদ্দের পূর্বে নিম্নেবর্ণিত ব্যবহৃত মালামালের বিষয়ে কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে।
লাইট ও সাউন্ড সংক্রান্ত ব্যবহৃত মালামাল।
যাবতীয় ইলেকট্রনিক্স (যেমন : কম্পিউটার, ল্যাপটপ, ক্যামেরা ইত্যাদি)
৩. অডিটোরিয়াম, লাইট, সাউন্ড, ইলেকট্রনিক, কম্পিউটার, ল্যাপটপ, ক্যামেরাম্যানসহ সাজসজ্জার সঙ্গে সংশ্লিষ্ট ইভেন্ট ম্যানেজমেন্টের নাম, ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং সত্যায়িত ছবি জমা দিতে হবে। উপরোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে অনুষ্ঠানের অনুমোদন প্রদান করা হবে।
২৩. সম্মতিপত্র দাখিল সাপেক্ষে নির্ধারিত ব্যাংকে ভাড়া জমা দিয়ে রশিদ কর্তৃপক্ষকে জমা বরাদ্দ নিশ্চিত করতে হবে।
২৪. অনুষ্ঠান চলাকালীন কোনো মালামাল হারানো বা চুরি গেলে শিশু একাডেমি কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ভাড়া সংক্রান্ত

----- ভাড়া বাবদ ----- , ১৫% ভ্যাট বাবদ ----- জামানত বাবদ (ফেরতযোগ্য) -----
সর্বমোট ----- কথায় -----

আগামী সাত দিনের মধ্যে একাডেমির হিসাব শাখায় ব্যাংক জমার রশিদ কপি জমা দিয়ে নির্ধারিত বরাদ্দ নিশ্চিত করতে হবে। অন্যথায় বরাদ্দ বাতিল করা হবে।

গ্রহীতার স্বাক্ষর ও তারিখ

মো. নূরুজ্জামান

প্রোগ্রাম অফিসার

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা শিশু একাডেমি মিলনায়তন

বাংলাদেশ শিশু একাডেমি

ফোন : ৯৫১২৫১৭